

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইট: www.gsb.gov.bd

ফেসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.

১১ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
২৫ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন টিম এর ৫৪ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন টিমের ৫৪ তম সভা গত ২৩ জুন, ২০২০ খ্রি: তারিখ, রোজ মঙ্গলবার পূর্বাহ্ন ১১.০০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে জুম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে অনুষ্ঠিত হয়।

## ২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। আগামী ২৭-২৮ জুন, ২০২০ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত ইনোভেশন শোকেসিং এ জিএসবি'র ইনোভেশন আইডিয়া উপস্থাপন বিষয়ে আলোচনা করা হয়। গত ০৬ এপ্রিল, ২০২০ তারিখে জিএসবি'র উদ্ভাবকগণকে প্রশংসাসূচক ফ্রেস্ট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করার তারিখ নির্ধারিত ছিল কিন্তু করোনা ভাইরাস মহামারী জনিত উদ্ভূত পরিস্থিতিতে সাধারণ ছুটির কারণে বাস্তবায়ন করা সম্ভব হয় নাই এমতাবস্থায় বিষয়টি বাস্তবায়নের জন্য মহাপরিচালক মহোদয়ের অবগতি ও নির্দেশনার জন্য আলোচনা হয়। ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়নে আলোচনা করা হয়। সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা প্রণয়নে গুরুত্ব আরোপ করা হয় এবং নূন্যতম একটি ডিজিটাল সেবা (ই-সেবা)'র আইডিয়া প্রদান ও বাস্তবায়নের জন্য অধিদপ্তরের আইসিটি/ওয়েব টিম'কে ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করণ বিষয়ে আলোচনা হয়।

## ৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


৩.১. আগামী ২৭-২৮ জুন, ২০২০ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত ইনোভেশন শোকেসিং এ ২০১৯-২০২০ অর্থবছরে বাস্তবায়িত জিএসবি'র ইনোভেশন আইডিয়া 'ইনভেস্ট মানচিত্রের মাধ্যমে ভূ-বৈজ্ঞানিক তথ্য প্রদান প্রক্রিয়া সহজিকরণ' জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) উপস্থাপন করবেন।

৩.২. আগামী ৩০ জুন, ২০২০ তারিখের মধ্যে জিএসবি'র উদ্ভাবকগণকে প্রশংসাসূচক ফ্রেস্ট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩. সামগ্রিক পরিস্থিতি বিবেচনাপূর্বক ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২৮/০৬/২০২০ তারিখের মধ্যে প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪. নূন্যতম একটি ডিজিটাল সেবা (ই-সেবা)'র আইডিয়া প্রদান ও বাস্তবায়নের জন্য অধিদপ্তরের আইসিটি/ওয়েব টিম'কে ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০. সভাপতি সকলের সুস্বাস্থ্য কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
(সাইদুল হোসেন) ২৫/৬/২০  
পরিচালক (ভূতত্ত্ব)

সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি  
ফোনঃ ৫৮৩১২২১৬৮


E-mail: hossain747@gmail.com

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.

তারিখ: ২৫ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (নামের তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মঈন উদ্দীন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।
- ৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।
- ৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব আরিফ মাহমুদ, উপ-পরিচালক (প্রকাশনা ও প্রশিক্ষণ), জিএসবি, ঢাকা।
- ৬) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৮) জনাব মোঃ ফারুক হাছান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ৯) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।
- ১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১) নথিতে সংরক্ষণের জন্য।

  
(রাজিব কুমার সাহা)  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)  
সদস্য সচিব  
ইনোভেশন টিম, জিএসবি